তারিখ 19 OCT 1986
পৃষ্ঠা ... 1 ... কলাম 7

ইত্তেফাক

OCT 37

ডকুমেন্টেশন কেন্দ্র

# সকল মেডিক্যাল কলেজ আরও এক মাসের জন্য বন্ধ ঘোষণা

( ইত্তেফাক রিপোর্ট )

দেশের আটটি মেডিকেল কলেজ আজ হইতে আরও এক মাসের জন্য বন্ধ ঘোষণা করা হইয়াছে। ছাত্র-ছাত্রীদের গতকালের মধ্যেই আবাসিক হোস্টেল ছাড়িতে বলা হয়। এদিকে, ইন্টার্নী ডাক্তারদের আজ হইতে তিনদিনের মধ্যে ডিউটিতে যোগদানের নির্দেশ দেওয়া হইয়াছে। মেডিকেল কলেজ আজ হইতে খোলার কথা ছিল।

মেডিকেল কলেজ হাসপাতালের ডাক্তারগণ ছয়-দফা দাবীতে কেন্দ্রীয় মেডিকেল ছাত্র ঐক্য পরিষদের আহ্বানে গত ৮ই অক্টোবর হইতে ধর্মঘট করিতেছেন।

সদ্য মেডিকেল গ্রাজুয়েটদের জন্য দুই বছরের ইন সার্ভিস ট্রেনিং-এর পুনঃপ্রবর্তন ও চাকুরীর নিরবচ্ছিন্নতা সুবিধাসহ স্বাস্থ্য সার্ভিসে তাহাদের নিয়োগ ছয় দফা দাবীনামার অন্তর্ভুক্ত।

কলেজ কর্তৃপক্ষগুলির সঙ্গে যোগাযোগ করিলে তাঁহারা জানান, কলেজ বন্ধের বিজ্ঞপ্তি ছাত্রদের যথারীতি জানাইয়া দেওয়া হইয়াছে এবং তাহাদের প্রায় সকলেই হোস্টেল ত্যাগ করিয়াছে। কর্তৃপক্ষীয় একটি সূত্র জানায়, ছাত্ররা কয়েকদিন আগে ঢাকা বিশ্ববিদ্যালয় হলগুলিতে পুলিশী অভিযানের মত তাহাদের হোস্টেলেও পাকড়াও অভিযান চলিতে পারে বলিয়া আশঙ্কা করিতেছেন।

সংবাদ সূত্রে বলা হয়, মেডিকেল কলেজে বিভিন্ন বর্ষের পরীক্ষা অনুষ্ঠিত হইতেছে বিধায় হোস্টেলের সুবিধা বঞ্চিত পরীক্ষার্থীরা সমস্যায় পড়িবেন।

এদিকে কেন্দ্রীয় মেডিকেল ছাত্র ঐক্য পরিষদ এক প্রেস বিজ্ঞপ্তিতে তাহারা জানায়, আন্দোলন চালাইয়া যাইবেন ও ঢাকা মেডিক্যাল কলেজে

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## মেডিক্যাল কলেজ বন্ধ

(১ম পৃঃ পর)

অনশন ধর্মঘট করিবেন।

কেন্দ্রীয় মেডিক্যাল ছাত্র ঐক্য পরিষদের এক বিজ্ঞপ্তিতে বলা হইয়াছে, স্বাস্থ্য মন্ত্রীর অনমনীয় মনোভাবের কারণে ছাত্রদের ৬ দফা দাবীর ব্যাপারে আলোচনা ব্যর্থ হইয়াছে। এক পর্যায়ে ছাত্ররা পুনরায় ধর্মঘটে যাইতে বাধ্য হয়। তবে তাহারা কখনই হাসপাতালে দীর্ঘ দিনের ধর্মঘটের পক্ষপাতি নহে। এমনকি ১৮ই অক্টোবর পর্যন্ত হাসপাতালগুলিতে ১০ দিনব্যাপী ধর্মঘট পালিত হওয়ার পরও সমস্যা সমাধানে বাস্তবধর্মী কোন পদক্ষেপ না নিয়া একতরফাভাবে কলেজগুলি বন্ধ এবং ছাত্রদের ছাত্রাবাস ত্যাগের নির্দেশ দেওয়া হয়। বিজ্ঞপ্তিতে ৬-দফা দাবীর গ্রহণযোগ্য সমাধান এবং মামলা প্রত্যাহার করিয়া বন্ধ ঘোষণার সরকারী নির্দেশ প্রত্যাহারের দাবী জানানো হয়।

ঐক্য পরিষদ পূর্ব ঘোষিত সকল কর্মসূচী অব্যাহতভাবে চালাইয়া যাওয়ার জন্য সংশ্লিষ্টদের প্রতি আবেদন জানাইয়াছে। আজ (রবিবার) সকাল ১১টায় ঢাকা মেডিক্যাল কলেজ বহির্বিভাগে ছাত্র-ছাত্রীদের আমরণ অনশন কর্মসূচীও ঘোষণা করা হয়।

কেন্দ্রীয় ইনসার্ভিস ট্রেইনী চিকিৎসক পরিষদ আলোচনার মাধ্যমে জটিলতার সুদূরপ্রসারী গঠনমূলক ও গ্রহণযোগ্য সমাধান এবং দমননীতি পরিহারের জন্য সরকারের প্রতি আবেদন জানাইয়াছে। গতকাল (শনিবার) পরিষদের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, কলেজ বন্ধ ঘোষণার নির্দেশ পরিস্থিতিকে আরও জটিল করিয়া তুলিবে।